

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ২২ জ্যৈষ্ঠ, ১৪২১ বঙ্গাব্দ / ০৫ জুন, ২০১৪ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১১০-আইন/২০১৪/৭০৫-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উহার ২৬ জ্যৈষ্ঠ, ১৪১২ বঙ্গাব্দ মোতাবেক ৯ জুন, ২০০৫ খ্রিঃ তারিখের প্রজ্ঞাপন এস. আর. ও নং ১৫৪-আইন/২০০৫/৪৪৫-মুসক এ নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল-২ এর পরিবর্তে নিম্নরূপ টেবিল-২ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“টেবিল-২

শিরনামা সংখ্যা	সেবার কোড	সেবার নাম	মূল্য সংযোজন কর অব্যাহতির হার
(১)	(২)	(৩)	(৪)
S০২৫	S০২৫.০০	ওয়াসা	৬০ (ষাট) শতাংশ
S০৩৭	S০৩৭.০০	যোগানদার	১০০(একশত) শতাংশ
S০৪০	S০৪০.০০	সিকিউরিটি সার্ভিস	১০০(একশত) শতাংশ
S০৪৮	S০৪৮.০০	পরিবহন ঠিকাদার	১০০(একশত) শতাংশ
S০৫৭	S০৫৭.০০	বিদ্যুৎ বিতরণকারী	৮০ (আশি) শতাংশ
---	---	বাংলাদেশের ভৌগোলিক সীমারেখার বাহির হইতে সেবা সরবরাহের ক্ষেত্রে সেবা গ্রহণকারী	১০০(একশত) শতাংশ

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[মোঃ গোলাম হোসেন]

সচিব